

ভালবাসার মুক্তি

নির্বাক প্রেম, কমনীয় প্রকৃতি ও ভালবাসা সবই নারী
পুরুষ হয়ে কি সেই বোধের ধারে কাছে পৌঁছতে পারি
একাকিত্বে, আলস্যে, সংবাদে, বিস্মরণে কিম্বা
ঝাঁপানো লোডশেডিং এর সন্ধাতারার নিস্পাপালোকে
অন্ধকারাচ্ছন্ন হাঁফানো নীরব আলাপের আয়ু লম্বা
জানতো সবই, তবে সৃষ্টিশীল দিনকে রাতের আলোতে
বেঁধে এক ধ্বংসিলা অপকৃতির রতি আনন্দে মাত কেন
বিলাসীনি আয়নায় কি একই খেলা খেল হে রাজেন্দ্রাণী
দিনগত আয়ুক্ষয় করে এই নিস্কল আনন্দ আর কেন
রবাহতের ডাকে সাড়া দেওয়া তোমার রীতি নয় জানি
অনাহতের মত কেন সে আসে তোমার অন্তরীনা স্বপ্নলীলায়
সেই প্রেম, সেই প্রাণ - যাকে তুমি কতবার ত্যাগ করেছ অবহেলায়
কেন সেই অস্বীকৃত তোমার স্বপ্নে না এলে তোমার ঘুম আসেনা
সুখ তুমি শাসন কর - সুখ তোমার দোসর - তোমার নাকের নথ কানপাশা
তবুও সুখ তোমার আপন হয়না - কেন তোমার প্রেমকুঠী অন্ধকার ঠাসা
কেনই বা ঘুমের বড়ি গিলে গিলে হয়েছে তুমি যমেরও অরুচি
শান্ত মনের ঘরে, নিলীন বকুল বিথীতে নেই তোমার আসার অনুমতি
শুরুতেই শেষ করে নিজেই সাজিয়ে আজ তুমি প্রোষিততর্জকা, তুমি অশযিতা
মলিন তুমি সুসজ্জিতা সুগমা তুমি আনন্দিনি আলোকমেলায় সুখবার্ণায়
তুমি হলে সেই পাহাড় যার চার পাশে সমুদ্রের কলতান ও বিশাল জলরাশি
তবু একা - তবুও তুমি পিপাসার্ত চাতকটি রয়ে গেলে শুখনো গোলাপ বাসি
তবে আজ কেন - কেন তারে বারবার তুমি চাও হে গজগামীনি রাণী
তোমার স্বর্গলাভ হোক হে প্রেম - পুরুষ তো কোনও দিন ভালবাসেনি
তুমি এবার আকাশে ওড় প্রাণ খুলে চরম সুখের খোঁজে, তুমিই পারবে
তোমার সব যাতনার শেষ হল আজ তুমিই জীবনের রঙ্গে সাজবে
কেন জান? তোমাকে কেউ সঠিক চেনেনা - জানেনা তোমার আসল রূপ
প্রেমিক কে? তাও কেউ জানেনা শুধু খুঁজে ফেরা তাকে যে সপ্রাণ ধীরূপ
তাই তো তুমিই ডানা মেলে পাখীদের নিচে ফেলে সুদূর উচ্চতায় পৌঁছে গেলে
মানব মানবীর প্রেম ভালবাসা আছে এই সত্যকে ডানায় বেঁধে উড়ে গেলে।

